


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

www.bpsc.gov.bd

নম্বর-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১.২০২১-৫৬

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭ / ২৩ ফেব্রুয়ারি ২০২১

বিজ্ঞপ্তি নম্বর (৪২-৪৪)/২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা, নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করছেন:

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়স: ০১.০২.২০২১ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৪২ নন-ক্যাডার শাখা [পুনঃ বিজ্ঞপ্তি] | সহকারী প্রোগ্রামার [৯ম গ্রেড] এর ১২৪ (একশত চব্বিশ) টি স্থায়ী/অস্থায়ী পদ। | বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর। | টাকা-২২,০০০-৫৩,০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নং-৪৩ নন-ক্যাডার শাখা [পুনঃ বিজ্ঞপ্তি] | ব্যক্তিগত কর্মকর্তা [১০ম গ্রেড] এর ৬০(ষাট) টি স্থায়ী/অস্থায়ী পদ। | বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি; | কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত এবং বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০১৪ এর এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১০১ থেকে ৯৯৯ | সর্বোচ্চ ৩০ বছর |
| ক্রমিক নম্বর-৪৪ নন-ক্যাডার শাখা | প্রশাসনিক কর্মকর্তা [১০ম গ্রেড] এর ০৩ [তিন] টি স্থায়ী/অস্থায়ী পদ। | বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি | ক. কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>খ. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০১৪ এর তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১০১ থেকে ৯৯৯ | সর্বোচ্চ ৩০ বছর |

**বিশেষ দ্রষ্টব্য:**

সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা এবং কমিশন সচিবালয়ের ০১.০৪.২০১৯ তারিখে জারীকৃত ৮০.০০.০০০০.৪০৬.১৮.০০৫.১৫-৩৭ নম্বর অফিস আদেশে জারীকৃত নন-ক্যাডার নীতিমালার ৪.৩ অনুচ্ছেদ অনুযায়ী বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ৪২-৪৪ এর পদসমূহের সারসংক্ষেপ নিম্নরূপ:

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | গ্রেড | পদের ধরন |
|---|---|---|
| ৪২ | ৯ম গ্রেড | টেকনিক্যাল |
| ৪৩, ৪৪ | ১০ম গ্রেড | নন-টেকনিক্যাল |

নির্দেশাবলি:

**শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।**

১. **অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

ক. প্রার্থীদের টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে Non-Cadre অপশন select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, sms এর মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি download করে প্রতিটি নির্দেশনা ভালো করে আয়ত্ব করে নিবেন।

**খ. অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৮.০২.২০২১ খ্রিঃ, দুপুর ১২.০০টা।**

**গ. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ৩১.০৩.২০২১ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০টা।**

**ঘ. কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ ৩১.০৩.২০২১ তারিখ সন্ধ্যা ৬.০০ টা হতে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে অর্থাৎ ০৩.০৪.২০২১ তারিখ, সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত sms এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন।** নির্ধারিত তারিখ ও সময়ের পরে sms এর মাধ্যমে ফি জমাদান এবং অনলাইনে কোনো আবেদন গ্রহণ করা হবে না।

২. **ক. ০১.০২.২০২১ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীদের বয়স সংশ্লিষ্ট পদের বিপরীতে বিজ্ঞপ্তির ০৮ নম্বর কলামে উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।**

খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৩. ফরম পূরণ, ফরম জমাদানের নির্দেশাবলি এবং অন্যান্য তথ্যাবলি সংবলিত পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের Web address : www.bpsc.gov.bd এবং টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

৪. কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বর ঃ প্রার্থীকে ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ কেন্দ্রের মধ্যে যেকোনো একটি কেন্দ্রের বিপরীতে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। প্রার্থী যে কেন্দ্র নির্বাচন করবেন সে কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ হতে কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে। তবে বাছাই/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা কেবল ঢাকায় অনুষ্ঠিত হবে।

৫. বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

- **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]

জি-৪৪৯/২১ (১৩´x৫)